




ISO 9001:2015 Certified



পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চাটমোহর, পাবনা।



ফোন-অফিস - ০২-৫৮৮৪৮৫০১

অভিযোগ কেন্দ্র - ০২-৫৮৮৪৮৩৩৬

ই-মেইল ঠিকানা- pbs1pabna@gmail.com

ওয়েব সাইট - www.pbs1.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬২২.৫০৭.০২.০০৮.২৩. ৪৪৬

তারিখঃ ০৮ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
২২ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর অফিসের জন্য ০১ জন রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-


ক্রঃ নং	পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা/শর্তাবলী	মন্তব্য
০১	রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক)	পবিস নির্দেশিকা ৩০০-২৯, অনুযায়ী সদর দপ্তরের জন্য রিটেইনার ফি বাবদ মাসিক ১০,০০০.০০ (দশ হাজার) টাকা প্রদান করা হবে।	০১।। প্রার্থীকে সরকারি মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে। ০২।। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে। ০৩।। অত্র পবিসের আওতাভুক্ত এলাকায় সরকারি ডাক্তার হিসেবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন, কেবলমাত্র তাদেরকে রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে। ০৪।। আলোচ্য পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। তবে চুক্তি শেষে উভয় পক্ষের সম্মতিক্রমে একই শর্তে পুনঃচুক্তি করা যেতে পারে। ০৫।। নিয়োগ চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে। ০৬।। সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে ন্যূনতম ০১ (এক) ঘন্টার জন্য অফিসে উপস্থিত থাকতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। ০৭।। ব্যক্তিগত চেম্বারে সমিতির যে কোন কর্মকর্তা/কর্মচারী উল্লেখিত নির্দিষ্ট ০২ (দুই) ব্যতীত সপ্তাহের অন্যান্য দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এর জন্য কোন পৃথক ভিজিট/ফি দেওয়া হবে না। ০৮।। দুর্ঘটনা বা যে কোন প্রয়োজনে পবিসের ভৌগলিক এলাকায় কর্তৃপক্ষের অনুরোধক্রমে যে কোন সময়ে যে কোন স্থানে যেতে হতে পারে। এ ক্ষেত্রে যাতায়াত ভাতা/ফি প্রদান করা হবে।	

০৯।। আবেদনপত্রের প্রয়োজনীয় তথ্যাদিঃ

আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে), পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা (এম.বি.বি.এস (ন্যূনতম)/BMDC সনদ/অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি, সাম্প্রতিককালে তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র/ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রের ফটোকপি সমূহ অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১০। বর্ণিত শর্তাবলী ছাড়াও অন্য যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উল্লিখিত শর্তে সম্মত হলে আগ্রহী প্রার্থীগণ-কে আগামী ০৯/০২/২০২৩ খ্রিঃ এর মধ্যে বর্ণিত তথ্যাদিসহ প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত পূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবর সাদা কাগজে লিখিত আবেদন দাখিল করতে হবে।


(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ)

০১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, পাবনা।

০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পঃঅঃ)/আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৩। সিভিল সার্জন, পাবনা।

০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪

০৫। উপজেলা, নির্বাহী কর্মকর্তা....., পাবনা।

০৬। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, পাবনা।

সদয় অবগতি ও বিজ্ঞপ্তি
বহল প্রচারের উদ্দেশ্যে
আপনার দপ্তরের নোটিশ
বোর্ডে টানানোর প্রয়োজনীয়
ব্যবস্থা গ্রহণের জন্য
অনুরোধ করা হলো।

বিতরণঃ


০১। ডিজিএম, (কারিগরী)/দাশুড়িয়া/আটঘরিয়া/ভাঙ্গুড়া জোনাল অফিস, পাবনা পবিস-১।

০২। এজিএম(ওএন্ডএম), ফরিদপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-১।

০৩। এজিএম (প্রশাসন/অর্থ/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি- অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য), পাবনা পবিস-১।

০৪। নোটিশ বোর্ড, পাবনা পবিস-১।

০৫। অফিস কপি/মাষ্টার কপি।


(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার